# বাংলাদেশ কোস্ট গার্ড এর অপারেশনাল কর্মকান্ডের সাফল্যের সচিত্র প্রতিবেদন - জুন ২০২৬

১। **সর্বমোট অর্জন**। জুন ২০২৬ মাসে ৪,১৫৬ টি অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ৫৩১ কোটি ২৬ লক্ষ ১০ হাজার ৩০ টাকা মূল্যের বিভিন্ন প্রকার অবৈধ মালামাল আটক করা হয়। আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। **চোরাচালান বিরোধী অভিযান**। জুন ২০২৬ মাসে চোরাচালান বিরোধী অভিযানে মোট ০৯ কোটি ৯৬ লক্ষ ৭৭ হাজার টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয়। আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



ঢাকা জোন কর্তৃক আটককৃত অবৈধ চোরাচালান পণ্য




দক্ষিণ জোন কর্তৃক আটককৃত অবৈধ চোরাচালান পণ্য

৩। **অস্ত্র উদ্ধার অভিযান**। জুন ২০২৬ মাসে অবৈধ অস্ত্র উদ্ধার অভিযানে ১৪ টি আগ্নেয়াস্ত্র, ১২৯ রাউন্ড তাজা গোলা, ৮১ রাউন্ড ফাঁকা কার্তুজ, ০১ টি ধারালো অস্ত্র এবং ১০টি হাত বোমাসহ ১৯ জন ডাকাতকে আটক করা হয়। আটককৃত ডাকাত ও অন্যান্য অস্ত্রাদি আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হয়।




পশ্চিম জোন কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র




পূর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ গোলাবারুদ

৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান**। জুন ২০২৬ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে মোট ২০,৭০,২৫,০৬০ টাকা অর্থমূল্যের মাদকদ্রব্য তন্মধ্যে ৩,৯২,০৪২ পিস ইয়াবা, ৭০ কেজি ৪৬২ গ্রাম গাঁজা, ৩২৯ লিটার বাংলা মদ, ১,৮৮,৫৮০ শলাকা সিগারেট/বিড়ি এবং ৪৫ জন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটককৃত মাদকদ্রব্য ও মাদক ব্যবসায়ীদেরকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।




পুর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য




দক্ষিণ জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য




পুর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য




পুর্ব জোন কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য

৫। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান**। জুন ২০২৬ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মোট ৪,৭২,৪৮,৮০০ মিটার কারেন্ট জাল, ৩০,৪৬৯ পিস বেহুন্দি জাল, ২,৬১,৮৩,৭০০ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ২৪,৮৪৫ কেজি ইলিশ/জাটকা, ৫,৮২০ কেজি জেলি পুশকৃত চিংড়ি, ৫৪,৩০,০০০ পিস চিংড়ি পোনা, ৫৩,২১৭ কেজি বিভিন্ন প্রকার সামুদ্রিক মাছ এবং ১২টি বোট জব্দ করা হয় যার আনুমানিক মূল্য ৪৯৯,২৯,১১,৬৫০ টাকা । জব্দকৃত বোট ও অন্যান্য পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।




দক্ষিণ জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল




পশ্চিম জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল







**ঢাকা জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল**

**দক্ষিণ জোন কর্তৃক আটককৃত অবৈধ জাল**

৬। **বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযান**। জুন ২০২৬ মাসে বনজ ও পরিবেশ রক্ষা অভিযানে মোট ৭,২৪০ কেজি পলিথিন, শিংসহ হরিণের মাথা ০১টি, ৪৪ পিস কচ্ছপ শাবক এবং ০৬ সিএফটি সুন্দরী ও কাঁকড়া কাঠ জব্দ করা হয় যার আনুমানিক মূল্য ৬১,৯৭,০০০ টাকা । আটককৃত মালামাল আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।







**পশ্চিম জোন কর্তৃক জব্দকৃত কাঠ**

**ঢাকা জোন কর্তৃক আটককৃত অবৈধ পলিথিন**

৭। **উদ্ধার অভিযান**। জুন ২০২৬ মাসে উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ৬৮ জন যাত্রী/জেলে/অপহৃত ব্যক্তি ও ০২টি মৃতদেহ উদ্ধার করা হয়। উদ্ধারকৃত যাত্রী/জেলে/অপহৃত ব্যক্তি ও মৃতদেহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পুর্ব জোন কর্তৃক উদ্ধারকৃত জেলে